

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা - ২০১৯ খ্রি

দ্বিতীয় মডেল টেস্ট

জেলা: রাজশাহী

শ্রেণি: পঞ্চম

সময়: ২.৩০ ঘন্টা

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। সংক্ষেপে উত্তর লেখ:

২×১৫=৩০

- (ক) আমাদের এই প্রিয় বাংলাদেশ আমরা কীভাবে পেয়েছি?
- (খ) নবাব কেন যুদ্ধে পরাজিত হয়েছিলেন?
- (গ) সোনারগাঁ কিসের জন্য বিখ্যাত?
- (ঘ) অর্থনীতি শব্দের অর্থ কী?
- (ঙ) সমাজে কীভাবে সাক্ষরতার হার বাড়ানো যায়?
- (চ) বন্যা নদীভাঙনের একটি অন্যতম কারণ। নদীভাঙনের ফলে কী হয়?
- (ছ) রিনি ও বকুল স্বাধীনভাবে তাদের ধর্মীয় অনুষ্ঠান পালন করে। এটি তাদের কোন ধরনের অধিকারের অন্তর্ভুক্ত?
- (জ) কখন জাতীয় নারী উন্নয়ন নীতি প্রবর্তন করা হয়েছে?
- (ঝ) সমাজের প্রতি তোমার দুটি দায়িত্ব লেখ।
- (ঞ) বাড়িতে কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে হলে কীভাবে নিতে হয়?
- (ট) গারে ~~সমাজ~~ মাতৃতান্ত্রিক। মাতৃতান্ত্রিক বলতে কী বোঝ?
- (ঠ) ইউনিসেফ এর পুরো নাম কী?
- (ড) একটি যুদ্ধে প্রায় ৩০ লাখ বাঙালি শহিদ হন। ইতিহাসে এ যুদ্ধটি কী নামে পরিচিত?
- (ঢ) কেইস (CASE) কী?
- (ণ) গৃহহীন মানুষ কেন শহরে চলে আসে?

২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ কর (যে-কোনো ১২টি):

১×১২=১২

- (ক) মুক্তিযুদ্ধে সমগ্র ----- জাতি জড়িয়ে পড়েন।
- (খ) ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল বাংলা ----- সালে।
- (গ) ----- সালে ভারতীয় জাতীয় কংগ্রেস গঠিত হয়।
- (ঘ) মহাস্থানগড়ের খোদাই পাথর ----- মিটার লম্বা।
- (ঙ) ডাল বাংলাদেশের একটি ----- কৃষিপণ্য।
- (চ) আমাদের দেশে জনসংখ্যার তুলনায় ----- সংখ্যা অনেক কম।
- (ছ) ----- দূষণের ফলে তাপমাত্রা বেড়ে যায়।
- (জ) নারী ও শিশু পাচার হলো ----- বিরোধী কাজ।
- (ঝ) বেগম রোকেয়া ----- সালে মৃত্যুবরণ করেন।
- (ঞ) সকলের ----- মেনে চলা উচিত।
- (ট) ----- আমাদের রাষ্ট্রে পরিচালনার মূলনীতি।

- (ঠ) শ্রো জনগোষ্ঠীর ধর্মের নাম ----- ।
 (ড) জাতিসংঘের সদস্য সংখ্যা -----টি ।
 (ঢ) সার্ক গঠিত হয়----- সালে ।

৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল করে উত্তরপত্রে লেখ:

২×৫=১০

বাম অংশ	ডান অংশ
(ক) ভারত স্বাধীন হয়	(১) ১৯১৩ সালে ।
(খ) আমরা তেল পাই	(২) ওঁরাও ।
(গ) রাশিয়ায় নারী দিবস পালন শুরু	(৩) ১৯৪৭ সালে ।
(ঘ) কুড়ুখ ভাষায় কথা বলে	(৪) মারমা ।
(ঙ) অসাবধানে পথ চললে	(৫) সরিষা থেকে ।
	(৬) ১৯৭১ সালে ।
	(৭) দুঘটিনায় পড়তে হয় ।

৪। যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ:

৬×৮=৪৮

(ক) বীরশ্রেষ্ঠ কারা? মুক্তিযুদ্ধে বীরশ্রেষ্ঠদের অবদান সম্পর্কে ৪টি বাক্য লেখ ।

২+৪

(খ) নবজাগরণ কী? বাংলায় নবজাগরণের ফলাফল ৪টি বাক্যে লেখ ।

২+৪

(গ) পোশাক কারখানায় কারা কাজ করে? বৈদেশিক মুদ্রা অর্জনে পোশাক কর্মীদের অবদান ৪টি বাক্যে লেখ ।

২+৪

(ঘ) ভূমিকম্প কী? ভূমিকম্প মোকাবেলায় ৪টি করণীয় লেখ ।

২+৪

(ঙ) কাকে নারী জাগরণের অগ্রদূত বলা হয়? তিনি কীভাবে শিক্ষাগ্রহণ করেন তা ৪টি বাক্যে লেখ ।

২+৪

(চ) দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর নাম লেখ । ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতি আমরা কীভাবে গণতান্ত্রিক মনোভাব দেখাতে পারি তা ৪টি বাক্যে লেখ ।

২+৪

(ছ) জাতিসংঘ কী? এটি গঠিত হয়েছে কেন? জাতিসংঘের ৩টি গুরুত্ব লেখ ।

১+২+৩

(জ) জলবায়ু কী? জলবায়ু কেন পরিবর্তন হয়? বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের চারটি প্রভাব লেখ ।

১+১+৪

(ঝ) মানবসম্পদ কী? আমরা কীভাবে আমাদের রপ্তানী বৃদ্ধিতে মানবসম্পদকে ব্যবহার করতে পারি তা ৪টি বাক্যে লেখ ।

২+৪

(ঞ) বাংলাদেশের উত্তরে অবস্থিত সার্কভুক্ত দুটি দেশ সম্পর্কে ৩টি করে বাক্য লেখ ।

৩+৩